তারিখ 14 JUN 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক
আমাদের সময়

# বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ●

ত্রয়োদশ বেসরকারি শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। পরীক্ষায় ৫ লাখ ২৭ হাজার ৭৫৭ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ১ লাখ ৪৭ হাজার ২৬২ জন উত্তীর্ণ হয়েছেন। গড় পাসের হার ২৭ দশমিক ৯০ শতাংশ। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল ফল প্রকাশের কথা জানানো হয়।

এতে বলা হয়, পরীক্ষায় স্কুল-২ পর্যায়ে ৬২০ জন, স্কুল পর্যায়ে ৯০ হাজার ৯৪৪ জন ও কলেজ পর্যায়ে ৫৫ হাজার ৬৯৮ জন উত্তীর্ণ হয়েছেন। স্কুল-২ পর্যায়ে পাসের হার ৩ দশমিক ২২ শতাংশ, স্কুল পর্যায়ে পাসের হার ২৯ দশমিক ৬৭ শতাংশ ও কলেজ পর্যায়ে পাসের হার ২৭ দশমিক ৯০ শতাংশ।

স্কুল-২ পর্যায়ে ১৯ হাজার ২৪৪ জন, স্কুল পর্যায়ে ৩ লাখ ৬ হাজার ৪৮৪ জন ও কলেজ পর্যায়ে ২ লাখ ২ হাজার ২৯ জন পরীক্ষার্থী প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণ করেন।

পরীক্ষার ফলাফল http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইট থেকে জানা যাবে। তা ছাড়া উত্তীর্ণ প্রার্থীদের এসএমএসের মাধ্যমেও ফলাফল জানিয়ে দেওয়া হচ্ছে।